গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা ভূমি অফিস
জামালগঞ্জ, সুনামগঞ্জ
www.acl.jamalganj.sunamganj.gov.bd

স্মারক নং-৩১.৪৬.৯০৫০.০০০.০৭.০০৮.২৬-৭৫৬

তারিখ: ০২ ভাদ্র, ১৪৩৩
১৭ আগস্ট, ২০২৬

**বিজ্ঞপ্তি-০৩/২০২৬**

এতদ্বারা সুনামগঞ্জ জেলার সকল মৎস্যজীবী সমবায় সমিতি লিঃ/সর্বসাধারণের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, জেলা প্রশাসন, সুনামগঞ্জ এর ব্যবস্থাপনায় জামালগঞ্জ উপজেলাধীন ২০ একরের উর্ধ্বে নিম্নবর্ণিত জলমহাল/জলাশয়ের ১৪৩৩ বাংলা সনে ইজারা প্রদান না হওয়ায় জেলা প্রশাসকের কার্যালয়, সুনামগঞ্জ (এসএ শাখা) এর ২৮/০৭/২০২৬ তারিখের ৪০০ নম্বর স্মারক এবং উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জামালগঞ্জ এর ১৬/০৮/২০২৬ তারিখের ৯২০ নম্বর স্মারক মূলে নিম্নবর্ণিত জলমহালগুলি ১৪৩৩ বাংলা সনের অবশিষ্ট সময় অর্থ্যাৎ (৩০ শে চৈত্র/১৪৩৩ পর্যন্ত) জলমহাল ব্যবস্থাপনা নীতি ২০০৯ এর আলোকে রাজস্ব আদায়ের স্বার্থে খাস কালেকশনে আগ্রহী প্রার্থীগণের নিকট হতে জলমহালের মূল্য উল্লেখপূর্বক নিম্নোক্ত শর্ত সাপেক্ষে দরখাস্ত/আবেদন আহবান করা যাচ্ছে। উল্লিখিত তারিখে কোনো জলমহালের কাঙ্ক্ষিত মূল্য পাওয়া না গেলে খাস আদায় কার্যক্রম ধারাবাহিকতায় নিম্নবর্ণিত দিনপঞ্জি মোতাবেক পর্যায়ক্রমে অব্যাহত থাকবে।

উল্লেখ্য যে, বিজ্ঞপ্তিটি উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়, জামালগঞ্জ এর ওয়েবসাইট (www.jamalganj.sunamganj.gov.bd) ও নোটিশ বোর্ডে এবং উপজেলা ভূমি অফিস, জামালগঞ্জ, সুনামগঞ্জ এর ওয়েব সাইট (www.acl.jamalganj.sunamganj.gov.bd) ও নোটিশ বোর্ডে এবং দৈনিক সুনামকণ্ঠ পত্রিকায় পাওয়া যাবে।

**ছক-'ক'**

| ক্রম | উপজেলা | জলমহালের নাম | মৌজা/জেএল | পরিমাণ (একরে) | বিগত ০৩ (তিন) বছরের গড় ইজারামূল্য | মন্তব্য |
|---|---|---|---|---|---|---|
| ০১ | জামালগঞ্জ | বড় বিল প্রকাশিত খড়িয়ার বিল | রাধানগর/১৫ | ৮২.৪৫ | ১,৭১,৪৯৯/- | |
| ০২ | | দৌলতা নদী | গঙ্গাধরপুর/৮৬ গং | ৭৮.৮৮ | ২২,৮৮,৫৭২/- | |

**দরপত্রের সময়সূচী:**

স্থান: উপজেলা ভূমি অফিস, জামালগঞ্জ, সুনামগঞ্জ।

| ক্রম | পর্যায় | দরপত্র বাক্সে আবেদন দাখিলের তারিখ ও সময় (সকাল ১০:০০ ঘটিকা হতে দুপুর ০১:০০ ঘটিকা পর্যন্ত) | দরপত্র বাক্স খোলার তারিখ ও সময় (সময়: দুপুর ০২:০০ ঘটিকা) | মন্তব্য |
|---|---|---|---|---|
| ১ | ১ম পর্যায় | ২৪/০৮/২০২৬ | ২৪/০৮/২০২৬ | আবেদনকারীগণের উপস্থিতিতে দরপত্র উন্মুক্ত করা হবে (যদি কেহ উপস্থিত থাকেন)। |
| ২ | ২য় পর্যায় | ২৫/০৮/২০২৬ | ২৫/০৮/২০২৬ | |
| ৩ | ৩য় পর্যায় | ২৭/০৮/২০২৬ | ২৭/০৮/২০২৬ | |

**শর্তাবলী:**

১. উপরে বর্ণিত জলমহালগুলো ১৪৩৩ বাংলা সনের অবশিষ্ট সময় অর্থাৎ ৩০ শে চৈত্র/১৪৩৩ বাংলা সন পর্যন্ত সময়ের জন্য খাস প্রদান করা হবে।
২. আগ্রহী প্রার্থীকে ২০/- টাকা কোর্ট ফি সম্বলিত সাদা কাগজে আবেদনকারীর নাম, ঠিকানা, জলমহালের নাম ও খাস মূল্য উল্লেখপূর্বক নিম্নস্বাক্ষরকারীর বরাবর সীলগালা অবস্থায় আবেদন দাখিল করতে হবে। আবেদনে কোন প্রকার ঘষামাজা/কাটাকাটি পরিলক্ষীত হলে তা সরাসরি বাতিল বলে গণ্য হবে।
৩. উপরে বর্ণিত প্রথম পর্যায়ে কাঙ্ক্ষিত মূল্য পাওয়া না গেলে দরপত্র কার্যক্রম বর্ণিত দিনপঞ্জি মোতাবেক পর্যায়ক্রমে অব্যাহত থাকবে। ১ম পর্যায়ে কাঙ্ক্ষিত মূল্য পাওয়া গেলে পরবর্তী পর্যায়ে কোন কার্যক্রম গৃহীত হবে না।
৪. আগ্রহী প্রার্থীগণকে আবেদনে উল্লিখিত উদ্ধৃত দরের ৩০% অর্থ সহকারী কমিশনার (ভূমি), জামালগঞ্জ, সুনামগঞ্জ এর অনুকূলে জামানত হিসেবে যেকোন তফসিলি ব্যাংক হতে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার আবেদনের সাথে দাখিল করতে হবে।
৫. সর্বোচ্চ দরদাতাকে আবেদনে উল্লিখিত মূল্যসহ অতিরিক্ত ১৫% ভ্যাট ও ১০% আয়কর পরবর্তী ০৭ (সাত) কার্য দিবসের মধ্যে পরিশোধ করতে হবে অন্যথায় জমাকৃত জামানত সরকারের অনুকূলে বাজেয়াপ্ত করা হবে।
৬. কোন মৎস্যজীবী সমবায় সমিতি/ব্যক্তির নিকট সরকারী পাওনা বকেয়া থাকলে তিনি খাস কালেকশনের জন্য আবেদন করতে পারবেন না।
৭. খাস কালেকশনে জন্য ইজারাকৃত জলমহালের কোথাও প্রবাহমান প্রাকৃতিক পানি আটকে রাখা যাবে না এবং জলমহালের কোন অংশ স্থায়ী/অস্থায়ী বাঁধ/প্রতিবন্ধকতা সৃষ্টি করা যাবে না, যাতে ফৌজধারী কার্যবিধির ১৩৩ অথবা ১৯৫০ সনের মৎস্য সংরক্ষণ আইনের কোন বিধান লঙ্ঘিত হয়।
৮. যে সকল জলমহাল থেকে জমিতে সেচ প্রদানের সুযোগ রয়েছে। সেখান থেকে সেচ মৌসুমে সেচ প্রদান বিঘ্নিত করা যাবে না। যে সকল বদ্ধ জলমহাল খাস কালেকশনের জন্য ইজারা দেয়া হবে সেখান থেকে মৎস্য চাষের ক্ষতি না করে পরিমিত পর্যায়ে সেচ কার্যক্রম গ্রহণ করা যাবে।

৯. কোন অবস্থাতেই খাস আদায়কালীন সময়ে জলমহাল শুকিয়ে মাছ ধরা যাবে না এবং মা মাছ নিধন করা যাবে না।

১০. অনুমোদিত ইজারা গ্রহীতা সরকার বা কালেক্টর কর্তৃক নিষিদ্ধ ঘোষিত কোন উপায়ে মৎস্য শিকার করতে পারিবেন না। কালেক্টর বা সরকারি মৎস্য বিভাগ কর্তৃক সকল আদেশ/নিষেধ ইজারা গ্রহীতা পালন করতে বাধ্য থাকবেন।

১১. ইতিমধ্যে কোন জলমহালে আদালত বা উর্ধ্বতন কর্তৃপক্ষের কোন প্রকার নিষেধাজ্ঞা/স্থগিতাদেশ থাকলে সংশ্লিষ্ট জলমহালের ক্ষেত্রে এ বিজ্ঞপ্তি কার্যকর হবে না।

১২. উপরে বর্ণিত জলমহালগুলোর তফসিল, আয়তন এবং বাস্তব অবস্থান সম্পর্কে অবগত হয়ে খাস আদায় কার্যক্রমে অংশগ্রহণ করতে হবে। পরবর্তীতে নিকটবর্তী/পার্শ্ববর্তী দাগের জলাভূমি সংযুক্ত, তফসিল হ্রাস-বৃদ্ধি, ভরাট হওয়ার কারণে খাসমূল্য কমানো অথবা মেয়াদ বৃদ্ধি ইত্যাদি বিষয়ে কোন প্রকার ওজর/আপত্তি গ্রহণ করা হবে না।

১৩. নির্ধারিত তারিখ ও সময়ের পরে কোন আবেদন গ্রহণ করা হবে না।

১৪. কর্তৃপক্ষ যে কোন সময় খাস আদায় বিজ্ঞপ্তি/খাস আদায়ের সকল কার্যক্রম বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন।

১৭.০৮.২৬
শিল্পী রাণী মোদক
সহকারী কমিশনার (ভূমি) (অ: দা:)
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল খাস আদায় কমিটি
জামালগঞ্জ, সুনামগঞ্জ

স্মারক নং-৩১.৪৬.৯০৫০.০০০.০৭.০০৮.২৬-৭৫৩/১ (১০)

তারিখ: ০২ ভাদ্র, ১৪৩৩
১৭ আগস্ট, ২০২৬

অনুলিপি সদয় অবগতি/অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হলো: (জৈষ্ঠতার ক্রমানুসারে নয়)

১. জেলা প্রশাসক, সুনামগঞ্জ।
২. অতিরিক্ত জেলা প্রশাসক (রাজস্ব), সুনামগঞ্জ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৪. ভারপ্রাপ্ত কর্মকর্তা, জামালগঞ্জ থানা, জামালগঞ্জ।
৫. উপজেলা মৎস্য অফিসার, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৬. চেয়ারম্যান, --------------------------(সংশ্লিষ্ট) ইউনিয়ন পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ। (স্থানীয় হাট-বাজারে বহুল প্রচারের অনুরোধসহ)
৭. উপ-সহকারী কৃষি কর্মকর্তা..................... (সংশ্লিষ্ট) ইউনিয়ন পরিষদ, জামালগঞ্জ, সুনামগঞ্জ।
৮. ইউনিয়ন ভূমি সহকারী কর্মকর্তা, সাচনা/ভীমখালী, জামালগঞ্জ, সুনামগঞ্জ। (স্থানীয় জনসমাগম ও হাট-বাজারে বহুল প্রচারের অনুরোধসহ)
৯. সম্পাদক, দৈনিক সুনামকণ্ঠ পত্রিকা, সুনামগঞ্জ (ভিতরের পাতায় একটি মাত্র সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
১০. অফিস কপি/মাস্টার ফাইল।

১৭.০৮.২৬
সহকারী কমিশনার (ভূমি) (অ: দা:)
ও
আহ্বায়ক
উপজেলা জলমহাল খাস আদায় কমিটি
জামালগঞ্জ, সুনামগঞ্জ